গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৯৯/২০১৮-২০১৯
ঢাকা, রোববার ২১ এপ্রিল ২০১৯, ৮ বৈশাখ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। প্রধানমন্ত্রী ব্রুনাই যাচ্ছেন আজ
২। শেখ হাসিনা রচিত 'আমার পিতা শেখ মুজিব' অবলম্বনে 'খোকা যখন ছোট্ট ছিলেন' গ্রাফিক্স বইয়ের মোড়ক উন্মোচন করেন স্পিকার
৩। প্রধানমন্ত্রীর নির্দেশে শিল্পী সুবীর নন্দীর ব্যবস্থাপত্র পাঠানো হয়েছে সিঙ্গাপুরে
৪। আজ পবিত্র শবেবরাত
৫। রাজধানীতে দুই দিনব্যাপী বিপিও সম্মেলন শুরু আজ : উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়
৬। কারাগারে বিদেশি বন্দি ৪৯৫ জন : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। হাওরবাসীর উন্নয়নে নানা পরিকল্পনা নেওয়া হয়েছে : এলজিআরডিমন্ত্রী
৮। স্বাস্থ্যসেবা সপ্তাহের মাধ্যমে ডাক্তার-নার্সদের ইমেজ বেড়েছে : স্বাস্থ্যমন্ত্রী
৯। দেশে গত ১০ বছরের উন্নয়ন প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য সম্ভব হয়েছে : পিরোজপুরের নাজিরপুরে গণপূর্তমন্ত্রী
১০। উপকূলীয় এলাকায় সুপেয় পানির চাহিদা মেটাতে পর্যাপ্ত পুকুর খনন করা হবে : বনমন্ত্রী
১১। রেলকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা হবে : রেলমন্ত্রী
১২। ঢাকার ৪ নদীকে আগের অবস্থায় ফেরাতে সরকার বদ্ধপরিকর : নৌ প্রতিমন্ত্রী
১৩। স্কুল-কলেজে যৌন হয়রানি প্রতিরোধে কমিটি হচ্ছে
১৪। বিজিএমইএ সভাপতির দায়িত্ব নিলেন রুবানা হক
১৫। গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের ভূমিকা রাখতে হবে : প্রধান বিচারপতি

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী ব্রুনাই যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২১ এপ্রিল রোববার) ব্রুনাই যাচ্ছেন। ব্রুনাই দারুসসালামের সুলতান হাজী হাসানাল বলকিয়ার আমন্ত্রণে ৩ দিনের সরকারি সফরে যাচ্ছেন তিনি। প্রধানমন্ত্রী ও তাঁর সফর সঙ্গীদের নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট আজ সকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ব্রুনাইয়ের উদ্দেশে যাত্রা করবে। ফ্লাইটটি স্থানীয় সময় পৌনে ৩টায় ব্রুনাইয়ের রাজধানী বন্দরসেরী বেগাওয়ানে ব্রুনাই আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছবে। ব্রুনাইয়ের যুবরাজ হাজী আল-মাহতাদী বিল্লাহ বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানাবেন। বিমানবন্দরে আনুষ্ঠানিকতা শেষে প্রধানমন্ত্রীকে মোটরশোভাযাত্রা সহকারে ইম্পায়ার হোটেল এন্ড কান্ট্রি ক্লাবে নেওয়া হবে। সফরকালে তিনি এ হোটেলে অবস্থান করবেন। সফরের প্রথম দিন প্রধানমন্ত্রী হোটেলটির ইন্দেরা সামুদেরা বলরুমে ব্রুনাই প্রবাসী বাংলাদেশিদের আয়োজিত সংবর্ধনায় যোগ দেবেন। একই দিন তিনি ব্রুনাইয়ের বাংলাদেশের হাইকমিশনার আয়োজিত নৈশভোজে যোগ দেবেন। সফরকালে বাংলাদেশ বিভিন্ন খাতে ব্রুনাইয়ের সঙ্গে সাতটি সমঝোতা স্মারকে স্বাক্ষর করবে। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৮**), সমকাল** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

২। **শেখ হাসিনা রচিত 'আমার পিতা শেখ মুজিব' অবলম্বনে 'খোকা যখন ছোট্ট ছিলেন' গ্রাফিক্স বইয়ের মোড়ক উম্মোচন করেন স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মানবিক গুণগুলো শিশুদের কোমল মনে ছড়িয়ে দেয়ার আহ্বান জানিয়েছেন। গতকাল (২০ এপ্রিল শনিবার) জাতীয় জাদুঘরের নলিনীকান্ত ভট্টশালী গ্যালারিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা রচিত 'আমার পিতা শেখ মুজিব' অবলম্বনে 'খোকা যখন ছোট্ট ছিলেন' গ্রাফিক্স বইয়ের প্রকাশনা ও এনিমেটেড ফিল্মের প্রদর্শনী উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। এর আগে ফিতা কেটে ও গ্রাফিক্স বই এর মোড়ক উন্মোচনের মাধ্যমে অনুষ্ঠানের উদ্বোধন করেন স্পিকার। স্পিকার বলেন, বঙ্গবন্ধুর মতো নেতা জাতির জীবনে সব সময় আসে না। আমরা ধন্য যে বঙ্গবন্ধুর ন্যায় মহান নেতা পেয়েছিলাম। স্পিকার বলেন, এ বই এবং ফিল্ম বঙ্গবন্ধুকে নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে সাহায্য করবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬), **সমকাল** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

৩। **প্রধানমন্ত্রীর নির্দেশে শিল্পী সুবীর নন্দীর ব্যবস্থাপত্র পাঠানো হয়েছে সিঙ্গাপুরে**

প্রধানমন্ত্রীর শেখ হাসিনা শিল্পী সুবীর নন্দীর অসুস্থতার সকল খবরাখবর রাখছেন। তাঁর নির্দেশে চিকিৎসাধীন এ শিল্পীর চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ব্যবস্থাপত্র সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে। সেখান থেকে সিদ্ধান্ত আসলে উন্নত চিকিৎসার জন্য এয়ার অ্যাম্বুলেস করে শিল্পীকে নেওয়া হবে সিঙ্গাপুর। আজ (২১ এপ্রিল রোববার) এ ব্যাপারে সিদ্ধান্ত আসতে পারে। গতকাল (২০ এপ্রিল শনিবার) এ তথ্য জানিয়েছেন জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের জাতীয় সমন্বয়ক সামন্ত লাল সেন। সূত্র **: ইত্তেফাক (**পৃ.২,ক.১**), ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৬)।

৪। **আজ পবিত্র শবেবরাত**

যথাযথ মর্যাদায় ধর্মীয় ভাবগম্ভীর পরিবেশে আজ (২১ এপ্রিল রোববার) সারাদেশে পবিত্র শবেবরাত পালন করা হবে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। শবেবরাত উপলক্ষে রাজধানীসহ দেশের প্রতিটি মসজিদে ওয়াজ মাহফিল, জিকির-আজকারের আয়োজন করা হয়েছে। দিবসটি উপলক্ষে আগামীকাল সোমবার সরকারি ছুটি। এ রাতের তাৎপর্য তুলে ধরে রেডিও-টেলিভিশনে বিশেষ অনুষ্ঠান প্রচার করা হবে। সংবাদপত্র প্রকাশ করবে বিশেষ ক্রোড়পত্র। শবেরাতের পবিত্রতা রক্ষায় রাজধানীতে বিস্ফোরক দব্য, আতশবাজি, পটকা ও অন্যান্য ক্ষতিকারক দ্রব্য বহণ এবং ফাটানো নিষিদ্ধ ঘোষণা করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫**), সমকাল** (পৃ.১,ক.১**), ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)

**৫। রাজধানীতে দুই দিনব্যাপী বিপিও সম্মেলন শুরু আজ :**
**উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়**

দেশীয় এবং আন্তর্জাতিক বাজারে আউটসোর্সিং খাতের অবস্থান তুলে ধরার লক্ষ্যে আজ (২১ এপ্রিল রোববার) থেকে রাজধানীতে শুরু হচ্ছে দুই দিনব্যাপী বিজনেস প্রসেস আউট সোর্সিং (বিপিও) সম্মেলন-২০১৯। সোনারগাঁও হোটেলে চতুর্থবারের মতো এ সম্মেলন উদ্বোধন করবেন প্রধানমন্ত্রীর আইসিটি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। ডাক, টেলিযোগাযোগ এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রী মুস্তাফা জব্বার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের সচিব এন এম জিয়াউল আলম উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। এ বছর সম্মেলনের প্রতিপাদ্য হলো 'ট্রান্সফর্মিং সার্ভিস টু ডিজিটাল'। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **বণিক বার্তা** (শেষ পৃ,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.৬)।

**৬। কারাগারে বিদেশি বন্দি ৪৯৫ জন : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল জানিয়েছেন, বর্তমানে দেশের বিভিন্ন কারাগারে বিভিন্ন দেশের ৪৯৫ জন বন্দি রয়েছেন। এদের মধ্যে ৮৬ জন মুক্ত হলেও কোনো দেশ তাদের নিতে রাজি হয়নি। ফলে অনেকটা বাধ্য হয়েই তারা কারাগারে রয়েছেন। গতকাল (২০ এপ্রিল শনিবার) সোনারগাঁ হোটেলে জাতীয় মানবাধিকার কমিশন আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ তথ্য জানান। 'কমবেটিং ট্র্যাফিকিং : রিপেট্রিশেন অভ্ ভিকটিমস অভ্ ট্র্যাফিকিং' শীর্ষক এ সেমিনারের আয়োজন করে জাতীয় মানবাধিকার কমিশন। স্বরাষ্ট্রমন্ত্রী আরো বলেন, দেশের প্রতিটি জেলায় মানবপাচাররোধে পুলিশের কমিটি রয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রণালয়ের পক্ষ থেকেও সার্বক্ষণিক নজরদারি করা হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২)।

**৭। হাওরবাসীর উন্নয়নে নানা পরিকল্পনা নেওয়া হয়েছে : এলজিআরডিমন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেছেন, হাওরবাসীকে অবহেলিত রেখে উন্নত বাংলাদেশের স্বপ্ন প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেখেন না। সরকারের পক্ষ থেকে হাওরবাসীর উন্নয়নে যুগোপযোগী নানা পরিকল্পনা নেওয়া হয়েছে। রাস্তাঘাট, ব্রিজ কালভার্ট যেমনি হবে, তেমনি উর্বরতাসহ হাওরের যেসব উপযোগিতা রয়েছে, তা কাজে লাগিয়ে হাওরবাসীর উন্নত জীবনের ব্যবস্থা করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা হাওরবাসীর উন্নয়নের স্বপ্ন দেখেন। গতকাল (২০ এপ্রিল শনিবার) সুনামগঞ্জের ধর্মপাশা উপজেলার মধ্যনগর থানা চত্বরে উবদাখালী ও কায়েতকান্দায় সোমেশ্বরী নদীর ওপর দুটি ব্রিজ নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮)।

**৮। স্বাস্থ্যসেবা সপ্তাহের মাধ্যমে ডাক্তার-নার্সদের ইমেজ বেড়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, স্বাস্থ্যসেবা সপ্তাহের উদ্দেশ্য ছিল, কিভাবে জীবন চলছে, কী খেলে, কী পরিহার করলে স্বাস্থ্য ভালো থাকবে, সেটা মানুষকে জানানো। আমরা চেয়েছি, যারা স্বাস্থ্যসেবা দিয়েছেন তাদের মোটিভেট করতে। জনগণের সাথে যেন ডাক্তার-নার্সদের সুসম্পর্ক গড়ে ওঠে। স্বাস্থ্যসেবা সপ্তাহের মাধ্যমে সেটা শতভাগ সফল হয়েছে। গতকাল (২০ এপ্রিল শনিবার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে জাতীয় স্বাস্থ্যসেবা সপ্তাহ-২০১৯ এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

**৯। দেশে গত ১০ বছরের উন্নয়ন প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্য সম্ভব হয়েছে : পিরোজপুরের নাজিরপুরে গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, আওয়ামী লীগ ক্ষমতায় থাকলে দেশের উন্নয়ন হয়। গত ১০ বছরে বাংলাদেশের যে উন্নয়ন হয়েছে, তা একমাত্র প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্যই সম্ভব হয়েছে। দক্ষিণাঞ্চলে মানুষের স্বপ্নের পদ্মাসেতুর বেশিরভাগ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। গতকাল (২০এপ্রিল শনিবার) পিরোজপুরের নাজিরপুর উপজেলার দেউলবাড়ী দোবরা ইউনিয়ন পরিষদের নবনির্মিত ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স উদ্বোধন উপলক্ষে গাওখালী স্কুল অ্যাণ্ড কলেজ মাঠে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ,ক.৬)।

**১০। উপকূলীয় এলাকায় সুপেয় পানির চাহিদা মেটাতে পর্যাপ্ত পুকুর খনন করা হবে : বনমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মন্ত্রী মোঃ শাহাব উদ্দিন বলেছেন, সুন্দরবন উপকূলীয় এলাকার মানুষ ও পশু-পাখির সুপেয় পানির চাহিদা মেটাতে পর্যাপ্ত পুকুর খনন করে দেওয়া হবে। তিনি বলেন, মংলা এলাকার নদীভাঙ্গন রোধসহ জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতি মোকাবিলায় সব ধরনের প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। গতকাল (২০ এপ্রিল শনিবার) মংলা বন্দর কর্তৃপক্ষের সম্মেলনকক্ষে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় করণীয় সম্পর্কে স্থানীয় পর্যায়ে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১)।

**১১। রেলকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা হবে : রেলমন্ত্রী**

জনপ্রত্যাশিত রেলব্যবস্থা গড়ে তুলে রেলওয়েকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা হবে বলে জানিয়েছেন রেলমন্ত্রী নুরুল ইসলাম সুজন। তিনি বলেছেন, রেলকে জনগণের দোড়গড়ায় পৌঁছে দিতে একটি মাস্টারপ্লান তৈরি করা হয়েছে। এটি বাস্তবায়িত হলে রেলওয়ে বিশ্বমানের হয়ে উঠবে। গতকাল (২০ এপ্রিল শনিবার) ঢাকার কাকরাইলে বাংলাদেশ রেলওয়ে ডিপ্লোমা প্রকৌশলী সমিতি আয়োজিত ‘জনপ্রত্যাশার আলোকে আধুনিক ও উন্নত রেলসেবা’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৮), **ইনকিলাব** (পৃ.১,ক.৭)।

**১২। ঢাকার ৪ নদীকে আগের অবস্থায় ফেরাতে সরকার বদ্ধপরিকর : নৌ প্রতিমন্ত্রী**

নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, আগামী ১০ বছর পর ঢাকার পাশ দিয়ে বয়ে যাওয়া নদী থেকে স্বচ্ছ পানি পাবে রাজধানীবাসী। এজন্য নদীকে দখলমুক্ত করার পাশাপাশি নানা পদক্ষেপ নেয়া হয়েছে। এজন্য নদী থেকে দখলদারদের উচ্ছেদ করা হচ্ছে। কিন্তু নদী দখলদাররা এমনভাবে দখল করে রেখেছেন যে ছাড়তে চান না। তবে ঢাকায় বয়ে যাওয়া চার নদীকে আগের অবস্থায় ফেরাতে বদ্ধপরিকর সরকার। গতকাল (২০ এপ্রিল শনিবার) জাতীয় প্রেসক্লাবে ধরিত্রী বাংলাদেশের ১৬ বছর পূর্তি উপলক্ষে ‘পৃথিবী আমার, দেশ আমার, সমাজ আমার, কাজ আমার’-শীর্ষক এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **বাংলাদেশ প্রতিদিন** (পৃ.৩,ক.১)।

**১৩। স্কুল-কলেজে যৌন হয়রানি প্রতিরোধে কমিটি হচ্ছে**

যৌন হয়রানি প্রতিরোধে দেশের সব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানে জরুরি ভিত্তিতে পাঁচ সদস্যের একটি করে কমিটি গঠন করা হচ্ছে। এর নাম দেওয়া হয়েছে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি। শীঘ্রই কমিটি করে তা নিজ নিজ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে দিতে হবে। গত ১৮ এপ্রিল বৃহস্পতিবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের এক আদেশে এ নির্দেশ দেওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৮)।

**১৪। বিজিএমইএ সভাপতির দায়িত্ব নিলেন রুবানা হক**

গার্মেন্টস শিল্প মালিকদের সংগঠন বিজিএমইএ'র নতুন সভাপতি হিসেবে গতকাল (২০ এপ্রিল শনিবার) আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেছেন মোহাম্মদী গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক রুবানা হক। তার সঙ্গে নতুন পরিচালনা পর্ষদের নতুন সাত সহসভাপতি ও অন্যান্য পরিচালকও দায়িত্ব গ্রহণ করেছেন। গতকাল উত্তরায় বিজিএমইএ'র নির্মাণাধীন ভবনে অনুষ্ঠিত সংগঠনের ৩৬তম বার্ষিক সাধারণ সভায় রুবানা হকের নেতৃত্বাধীন পরিচালনা পর্ষদ দায়িত্ব গ্রহণ করে। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **অবজারভার** ( পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.২)।

**১৫। গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের ভূমিকা রাখতে হবে : প্রধান বিচারপতি**

একাত্তরে গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতির জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সবাইকে ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। গতকাল (২০ এপ্রিল শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে এ আহ্বান জানান তিনি। এম্পাওয়ারমেন্ট থ্রু ল্য অভ্ দ্য কমন পিপল (এলকপ) নামে একটি সংগঠন ১৯৭১ সালে বাংলাদেশে সংঘটিত গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি আদায় নিয়ে এ স্মারক বক্তৃতার আয়োজন করে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, সমকাল, যুগান্তর,সংবাদ, জনকণ্ঠ, যায়যায়দিন, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট :** আজ পবিত্র লাইলাতুল বারায়াত উল্লেখ করে এ পবিত্র রাত্রে দেশবাসী ও বিশ্ব সম্প্রদায়ের শান্তি ও সম্প্রীতি কামনা।

খ. **সমকাল :** রংপুরের বদরগঞ্জ উপজেলার ওসমানপুর ও জামালপুরে সরকারি দু'টি প্রাথমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ অবস্থার কথা এক প্রতিবেদনে প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে সারাদেশে এ ধরনের ঝুঁকিপূর্ণ বিদ্যালয়গুলোর ব্যাপারে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **সংবাদ, ভোরের কাগজ :** রমজানে পণ্যের মূল্যবৃদ্ধির সমালোচনা থেকে বাঁচতে কৌশল অবলম্বন করে ব্যবসায়ীরা আগেই পণ্যের মূল্যবৃদ্ধি করেছে উল্লেখ করে নিত্যপণ্যের মূল্যবৃদ্ধি নিয়ন্ত্রণে কঠোর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন** : দেশে গত ১৫ দিনে ৪৭ কন্যা শিশু যৌন নির্যাতনের শিকার হয়েছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে শিশুদের নিরাপত্তা নিশ্চিত করতে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **বণিক বার্তা :** পাটের হারানো গৌরব ফিরে পেতে বাংলাদেশ পাটকল করপোরেশনের দুর্নীতি ও অদক্ষতা দূর করার ওপর গুরুত্বারোপ ।

চ. **বাংলাদেশ টুডে :** জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হাসপাতালের বর্জ্যের জন্য সঠিক বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার সুপারিশ।

জ. **ডেইলি সান :** রাজধানীতে শব্দদূষণ বেড়ে যাওয়ায় তা জনগণের স্বাস্থ্যের ক্ষতির কারণ হচ্ছে উল্লেখ করে নির্দিষ্ট মাত্রার মধ্যে শব্দদূষণ কমিয়ে আনতে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**উপসম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আমাদের কৃষিখাতে এখন যে প্রভূত উন্নতি হয়েছে তা শুধু কায়িক শ্রমের জন্য নয়, লাগসই প্রযুক্তি ব্যবহারসহ বিজ্ঞানসম্মত উন্নয়ন কৌশলের ভূমিকাও কম নয়।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষাপ্রতিষ্ঠানে পরিষ্কার পরিচ্ছন্নতা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সুন্দর ও স্বাস্থ্যকর পরিবেশ ছাত্রছাত্রীদের লেখাপড়ায় প্রতি ইতিবাচক প্রভাব ফেলে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা